

## রাবিতে ভর্তি পরীক্ষায় চূড়ান্ত আবেদনের সুযোগ পেলেন যারা

রাবি প্রতিনিধি

৮ এপ্রিল ২০২৩ ০৬:৪৫ পিএম |  
 আপডেট: ৮ এপ্রিল ২০২৩ ০৬:৪৫  
 পিএম

12  
Shares



ফাইল ছবি

advertisement

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদনের ফল প্রকাশিত হয়েছে। আজ শনিবার দুপুরে এই ফলাফল প্রকাশিত হয়।

প্রকাশিত ফল অনুযায়ী সি' ইউনিটে (বিজ্ঞান) জিপিএ-৫ ছাড়া চূড়ান্ত আবেদনের সুযোগ পায়নি বিজ্ঞান শাখা থেকে পাস করা ভর্তিচ্ছুল্য শিক্ষার্থীরা। তবে 'এ' ইউনিটে মানবিক শাখা থেকে সর্বনিম্ন জিপিএ-৪.৫৮ পাওয়া ভর্তিচ্ছুল্য চূড়ান্তভাবে মনোনীত হয়েছেন। এছাড়া 'বি' ইউনিটের (ব্যবসা) সব প্রাথমিক আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হয়েছেন।

advertisement

বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের পরিচালক ড. বিমল কুমার প্রামাণিক বলেন, 'প্রাথমিক পর্যায়ে আবেদনকৃত শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নিজ আইডি দিয়ে লগইন করে ফল দেখতে পারবেন। এছাড়া চূড়ান্ত আবেদনের জন্য মনোনীত ভর্তিচ্ছুরা ৯ এপ্রিল দুপুর ১২টা থেকে চূড়ান্ত আবেদন করতে পারবেন। সেজন্য অনলাইনে 'বি' ইউনিটে ১ হাজার ১০০ টাকা এবং 'এ' ও 'সি' ইউনিটে ১ হাজার ৩২০ টাকা পরিশোধ করতে হবে। চূড়ান্ত আবেদন ১৫ এপ্রিল রাত ১২টা পর্যন্ত চলবে।

### আরও পড়ুন: রাবির স্বাস্থ্য বীমা সেবায় জটিলতা, আগ্রহ হারাচ্ছেন শিক্ষার্থীরা

advertisement

প্রসঙ্গত, এ বছর রাবিতে ভর্তি পরীক্ষায় তিন (এ, বি এবং সি) ইউনিটে প্রাথমিক আবেদন জমা হয়েছিল ৪ লাখ ১ হাজার ৪১৪টি। এর থেকে যাচাই-বাচাই শেষে চূড়ান্ত আবেদনের জন্য কোটাসহ মনোনীত হয়েছেন ২ লাখ ৩৪ হাজার ১৫১ জন ভর্তিচ্ছু। এ বছর ভর্তি পরীক্ষা ২৯-৩১ মে অনুষ্ঠিত হবে। তিন ইউনিটে এক ঘণ্টা সময়সীমার এই পরীক্ষা চলবে চার শিফটে। ৮০টি বহুনির্বাচনী প্রশ্নের মান ১০০। চারটি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে।